কোন্ দেবতা সে,  কী পরিহাসে  ভাসালো মায়ার ভেলায় ।
স্বপ্নের সাথি,  এসো মোরা মাতি  স্বর্গের কৌতুক-খেলায় ॥
সুরের প্রবাহে হাসির তরঙ্গে  বাতাসে বাতাসে ভেসে যাব রঙ্গে
নৃত্যবিভঙ্গে
মাধবীবনের মধুগন্ধে মোদিত  মোহিত মন্থর বেলায় ॥
যে ফুলমালা দুলায়েছ আজি  রোমাঞ্চিত বক্ষতলে
মধুরজনীতে রেখো সরসিয়া  মোহের মদির জলে ।
নবোদিত সূর্যের করসম্পাতে  বিকল হবে হায় লজ্জা-আঘাতে,
দিন গত হলে নূতন প্রভাতে  মিলাবে ধুলার তলে  কার অবহেলায় ॥

---

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Kalingara-Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail